যুগ্মসচিব
আইসিটি ও সমন্বয় এর দপ্তর
উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) / সিস্টেম এনালিস্ট
ডাইরী নং ২০৬ তারিখ ২/৪/১৩
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
শৃঙ্খলা অধিশাখা

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৬.১২-৭১২

তারিখ ঃ ৩১ মার্চ ২০১৩ / ১৭ চৈত্র ১৪১৯

## প্রজ্ঞাপন

জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক চঃ দাঃ),(পরিচিতি নম্বর-০০৫০৭৫), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত পদ, সড়ক ও জনপথ অধিদপ্তর এর অনুকূলে বিগত ০৯-১০-২০০৫ তারিখে RHE-1/2M-32/97-817 সংখ্যক স্মারক মূলে কানাডায় ৩ (তিন) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় । উক্ত লিয়েনের মেয়াদ গত নভেম্বর, ২০০৮ এ শেষ হয়েছে;

যেহেতু জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক চঃ দাঃ), (পরিচিতি নম্বর-০০৫০৭৫) মঞ্জুরীকৃত লিয়েনের মেয়াদ উর্ত্তীণ হওয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (ডি) সংজ্ঞা অনুযায়ী ডিজারশন এর অভিযোগে একই বিধিমালার বিধি ৩(সি) অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কেন তাঁর বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য এবং তিনি ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করলে তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিষ্ট্রী এডি ডাকযোগে প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসায় এবং কোন জবাব দাখিল না করায় বিভাগীয় মামলার ধারাবাহিকতায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) মোতাবেক এ বিভাগের উপসচিব জনাব মোঃ আব্দুল মালেক-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় । তদন্ত কর্মকর্তা গত ১০-০৯-২০১২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক চঃ দাঃ),(পরিচিতি নম্বর-০০৫০৭৫) এর বিরুদ্ধে আনীত "ডিজারশন"এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত(Dismissal from service) এর গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে কেন তাঁর বিরুদ্ধে উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭ (৬) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় (২য় ) বার কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় ;

যেহেতু ২য় কারণ দর্শানো নোটিশও জারি না হয়ে ফেরত আসে এবং অভিযুক্ত কর্মকর্তা নির্দিষ্ট সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি। তৎপ্রেক্ষিতে তাঁকে চাকুরী থেকে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত বহাল রেখে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করার গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের অভিমত চাওয়া হয় । বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী(যান্ত্রিক চঃ দাঃ),(পরিচিতি নম্বর-০০৫০৭৫) কে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করার সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

যেহেতু জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী(যান্ত্রিক চঃ দাঃ),(পরিচিতি নম্বর-০০৫০৭৫), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত পদ, সড়ক ও জনপথ অধিদপ্তরকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী থেকে বরখাস্ত(Dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী(যান্ত্রিক চঃ দাঃ),(পরিচিতি নম্বর-০০৫০৭৫), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত পদ, সড়ক ও জনপথ অধিদপ্তরকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক গত ০৮-১০-২০০৮ তারিখ হতে চাকুরী থেকে বরখাস্ত(Dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৬.১২-১১২/১(১৩)

তারিখঃ ৩১ মার্চ, ২০১৩
১৭ চৈত্র ১৪১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
৭। যুগ্ম-সচিব (আইসিটি ও সমন্বয়), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা
৯। উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৪। জনাব মোঃ সেলিমুজ্জামান, উপবিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক চঃ দাঃ), (পরিচিতি নম্বর-০০৫০৭৫), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত পদ, সড়ক ও জনপথ অধিদপ্তর, রমনা, ঢাকা (চাকুরী থেকে বরখাস্ত দণ্ডে দণ্ডিত)।

(যাহিদা খানম)
উপসচিব
ফোনঃ ৭১৭২৩৪২।